দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT. 1 1999 ...
পৃষ্ঠা [illegible] ... কলাম ১ ......

4

## 'সন্তোষে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়াক্ফ সম্পত্তি অন্য কাজে ব্যবহারের অধিকার নাই'

ইসলামী মোর্চা সভাপতি মাওলানা মহিউদ্দিন খান এক বিবৃতিতে বলিয়াছেন, মাওলানা ভাসানী কর্তৃক প্রতিষ্ঠিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্থলে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং ১২ই অক্টোবর এই বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করার উদ্যোগে আমরা গভীর উদ্বিগ্ন। তিনি সন্তোষ মৌজার শতাধিক একর জমি এবং মূল্যবান ইমারতাদি ইসলামী বিশ্ববিদ্যালয়ের নামে ওয়াকফ করিয়া গিয়াছেন। ইসলামী আইন অনুযায়ী ওয়াকফ সম্পত্তি ওয়াকফের প্রদত্ত শর্ত ছাড়া অন্য কোন কাজে ব্যবহার বা দান করার অধিকার কাহারও নাই। মাওলানা মুহিউদ্দিন বলেন, ভাসানীর স্বপ্নের ইসলামী বিশ্ববিদ্যালয়ের যাবতীয় সম্পত্তি অন্য একটি বিশ্ববিদ্যালয়ের নামে হস্তান্তর করার কোন আইনগত অধিকার নাই। তিনি দেশবাসীর প্রতি সরকারের এই সিদ্ধান্ত রুখিয়া দাঁড়াইবার আহ্বান জানান।